

# Times Today BD

রিয়াজ আক্তার | ক্যাম্পাস | 06 May, 2025

চার মাস পর উন্নত চিকিৎসা শেষে যুক্তরাজ্য থেকে দেশে ফেরার দিনে বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার প্রত্যাবর্তনকে স্মরণীয় করে রাখতে কুমিল্লা বিশ্ববিদ্যালয় (কুবি) শাখা ছাত্রদলের উদ্যোগে কেক কাটা ও মিষ্টি বিতরণ কর্মসূচি পালিত হয়েছে।

মঙ্গলবার সকাল সাড়ে ১০টায় বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটকে এই আয়োজন অনুষ্ঠিত হয়। ছাত্রদলের আহ্বায়ক সদস্য মোতাছিম বিল্লাহ পাটোয়ারী রিফাতের সঞ্চালনায় অনুষ্ঠানে উপস্থিত ছিলেন শাখা ছাত্রদলের যুগ্ম আহ্বায়ক সাফায়েত হোসেন সজল, রিয়াজ উদ্দিন অন্তর, আশরাফ উদ্দিন মুন্না, আরিয়ান আরিফ, জিসান খান, রাসেল হোসেন ও শরিফ হোসেনসহ সংগঠনের বিভিন্ন স্তরের নেতাকর্মীরা।

কেক কেটে কর্মসূচির সূচনা করে শাখা ছাত্রদলের যুগ্ম আহ্বায়ক সাফায়েত হোসেন সজল বলেন, “আজকের এই ঐতিহাসিক প্রত্যাবর্তনের গুরুত্ব উপলব্ধি করে সাধারণ শিক্ষার্থীদের সঙ্গে নিয়ে আমরা দিনটি উদযাপন করছি। একইসাথে দীর্ঘ ১৭ বছরের নির্বাসন শেষে তারেক রহমানের স্ত্রী ডা. জোবাইদা রহমানের প্রত্যাবর্তনও ইতিহাসে স্মরণীয় হয়ে থাকবে।”

আহ্বায়ক সদস্য মোতাছিম বিল্লাহ রিফাত বলেন, “জিয়া পরিবার দেশ ও জাতির জন্য নিরলসভাবে কাজ করে যাচ্ছে। দেশের কল্যাণে তাদের অবদান অতুলনীয়।”

ছাত্রদল নেতা রিয়াজ উদ্দিন অন্তর বলেন, “স্বৈরাচারী সরকারের নির্মম নির্যাতন সত্ত্বেও আপসহীন নেত্রী বেগম জিয়া আজ দেশের মাটিতে ফিরে এসেছেন। আমাদের প্রত্যাশা, এদেশে গণতন্ত্র পুনঃপ্রতিষ্ঠিত হবে এবং আর কোনো স্বৈরাচার জন্ম নেবে না।”

ছাত্রদল বিএনপি বিশ্ববিদ্যালয়

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 29 June, 2025 11:54

URL: <https://www.timestodaybd.com/campus/1880512052>